গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
<u>প্রশাসন-৩ শাখা</u>

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৬.০৬.০১০.২৩. ৬২৯ তারিখ: ৩১.১২.২০২৩ খ্রি:

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর নৈতিকতা কমিটি'র ২য় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৯.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতাভুক্ত এ বিভাগের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

৩১/১২/২০২৩
(ফারুক আহাম্মদ খান)
সহকারী সচিব
ফোন: ৯৫৪৬০৪৮
healthad3@gmail.com

**<u>বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>**

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কারওয়ান বাজার, ঢাকা;
০২. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
০৩. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৪. মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা;
০৫. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা;
০৬. যুগ্মসচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৭. যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৮. যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব: ক্রয় ও সংগ্রহ অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৯. যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
১০. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
১১. যুগ্মসচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
১২. পরিচালক প্রশাসন, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কারওয়ান বাজার, ঢাকা;
১৩. উপসচিব (ক্রয় ও সংগ্রহ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
১৪.সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
১৫. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;

**<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ</u> :**

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০২. অফিস কপি।

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৬.০৬.০১০.২৩. ৬২৯ তারিখ: ৩১.১২.২০২৩ খ্রি:

৩১/১২/২০২৩
(ফারুক আহাম্মদ খান)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ আজিজুর রহমান
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
তারিখ : ১৯-১২-২০২৩
সময় : সকাল ০১.০০ ঘটিকা

সভাপতি, নৈতিকতা কমিটি এবং সকল ফোকাল পয়েন্ট সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি বলেন নৈতিকতা হলো যার যার উপর অর্পিত দায়িত্ব যথাসময়ে সঠিকভাবে পালন করা এবং যা ন্যায় সঙ্গত নয় তা পরিহার করা। মানুষ যদি সুকুমার প্রবৃত্তি নিয়ে কাজ করে তাহলে তা হবে শুদ্ধাচার। আর যদি অপরিপু তাড়িত হয়ে কুপ্রবৃত্তি নিয়ে কাজ করে তা হবে অশুদ্ধাচার। অতঃপর এ বিভাগের শুদ্ধাচার ফোকালপয়েন্ট ও যুগ্মসচিব (প্রশাসন) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী সদস্যগণ সভায় আলোচনায় অংশগ্রহণ ও মতামত প্রদান করেন। আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্যসূচী/আলোচনা | ২য় সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | **স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য:**<br><br>সভাপতি উদ্ভাবনী চর্চার লক্ষ্যে ঢাকা/সলিমুল্লাহ/সোহরাওয়ার্দি/মুগদা মেডিকেল কলেজে ই-লার্নিং পদ্ধতি চালু করার জন্য মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর-কে উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন। এর আওতায় দেশের খ্যাতনামা চিকিৎসকগণকে ই-লার্নিং পদ্ধতিতে শিক্ষা প্রদানের জন্য আমন্ত্রণ জানানোর পরামর্শ দেন। এর ফলে দেশের সকল সরকারি মেডিকেল কলেজের ছাত্র-ছাত্রীরা অনলাইনের মাধ্যমে দেশের স্বনামধন্য চিকিৎসকদের নিকট হতে শিক্ষা গ্রহণ করতে পারবে। তিনি আরও জানান ইনভেন্টরি এবং হাজিরার ক্ষেত্রেও নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। হাজিরার বিষয়ে ফরিদপুর মেডিকেল কলেজের অধ্যক্ষ একটি নতুন সফটওয়্যার তৈরির উদ্যোগ গ্রহণ করেছেন মর্মেও তিনি সভাকে অবহিত করেন। | সকল সরকারি মেডিকেল কলেজকে অন্তর্ভুক্ত করে খ্যাতনামা চিকিৎসকগণের মাধ্যমে ই-লার্নিং শিক্ষা ব্যবস্থা চালু করার জন্য মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর-কে নির্দেশনা প্রদান করা হয়। পর্যায়ক্রমে এ বিভাগের অধীন সকল অধিদপ্তর ও চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে ইলেক্ট্রনিক হাজিরা পদ্ধতি চালুকরার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন অনুবিভাগ/ সংশ্লিষ্ট ফোকাল পারসন/ অধীনস্থ সকল অধিদপ্তর) |
| ২. | **১.প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | |
| | **১.১। নৈতিকতা কমিটির সভা**<br>**১.২। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন** | এ বিভাগ এবং অধীনস্ত সকল অধিদপ্তরকে যথাসময়ে নৈতিকতা কমিটির সভা আহ্বান এবং সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। | এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর |
| | **১.৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা:** | ১ম অংশীজন সভাটি আগামী ২৮/১২/২০২৩ তারিখে কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার-এ এবং ২য় সভাটি খুলনার সুন্দরবনে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন অধিশাখা |
| | **১.৪। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন:** | ১ম এবং ২য় কোয়ার্টারে ৪০ জন করে ২টি | এ বিভাগ/ অধীনস্থ |

| | | | |
|---|---|---|---|
| | | প্রশিক্ষণে মোট ৮০ জনের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করায় সভাপতি ধন্যবাদ জানান এবং পরবর্তী প্রশিক্ষণসমূহ যথাসময়ে আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | সকল অধিদপ্তর |
| | **১.৫। কর্ম-পরিবেশ উন্নয়ন (নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি):** সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষ্যে কর্মপরিবেশ উন্নয়নের উপর সভাপতি গুরত্বারোপ করেন। | নথি বিনষ্টকরণের বিষয়ে গঠিত কমিটি নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি এবং কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম জোরদার করাসহ যথাসময়ে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর |
| | **১.৬। আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান:** | অধিদপ্তরসমূহ থেকে ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন পাওয়ার পর যথসময়ে ২য় ফিডব্যাক কর্মশালা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর |
| ৩ | **<u>২.আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সংক্রান্ত</u>** | | |
| | **২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ:** | বাস্তবায়িত | --- |
| | **২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের):** সভাপতি এ বিভাগ এবং অধীনস্ত দপ্তরসমূহের ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং যথাযথ মনিটরিং নিশ্চত করার জন্য গুরুত্বারোপ করেন। | ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং যথাযথ মনিটরিং এবং পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে ক্রয়কার্য সম্পাদন নিশ্চত করতে হবে। | বাজেট অধিশাখা/প্রশাসন-২ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| | **২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন:** বার্ষিক উন্নয়ন কর্মসূচির লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণ উদঘাটন করে পরবর্তী কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | পরবর্তী কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অর্জনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ /প্রশাসন অধিশাখা/বাজেট অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| | **২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন:** এ বিভাগের সর্বশেষ সংশোধিত কর্মপরিকল্পনায় ২য় কোয়ার্টারে ১৪টি PSC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। অদ্যাবধি ১১টি PSC সভা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট সভাসমূহ নির্ধারিত সময়ে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি সভাকে অবহিত করেন যে, HED ও PWD হতে কোনো প্রতিষ্ঠানের মেরামত প্রস্তাব প্রেরণের সময় উক্ত প্রকল্প/প্রস্তাব অন্য কোনো OP বা অন্য কোনো সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন নয় মর্মে প্রত্যয়ন প্রয়োজন। HED এর সকল কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও মনিটরিং অব্যাহত রাখতে হবে। | PSC সভাসমূহ নির্ধারিত সময়ে অনুষ্ঠানের নির্দেশনা প্রদান করা হয়। HED ও PWD হতে কোনো প্রতিষ্ঠানের মেরামত প্রস্তাব প্রেরণের সময় উক্ত প্রকল্প/প্রস্তাব অন্য কোনো OP বা অন্য কোনো সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন নয় মর্মে প্রত্যয়ন প্রদান করতে হবে। HED ও PWD কর্তৃক কোনো ভবন নির্মান করা হলে সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের মেরামত কার্যক্রমও সম্পন্ন করতে হবে। | উন্নয়ন অনুবিভাগ /পরিকল্পনা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | **২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা:**<br><br>সভাপতি সভাকে অবহিত করেন যে, সমাপ্ত প্রকল্পের গাড়ির তালিকা, ব্যবহারকারির নাম ও পদবি উল্লেখপূর্বক নির্ধারিত ছকমোতাবেক তথ্যাদিসহ সার্ভিসিং-এর প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে। এছাড়া কম্পিউটার সামগ্রি ও আসবাবপত্রের যথাযথ তালিকা প্রতিবেদনে উল্লেখ করতে হবে। | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তরের কার্যক্রম শেষে আগামী ২৯/০২/২০২৪ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। | এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর |
| | **৩.দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম** | | |
| | **৩.১ সরকারী যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ:** | এ বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী বছরান্তে সরকারী যানবাহনের যথাযথ ব্যবহারের প্রত্যয়ন দাখিল করতে হবে। | এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর |
| | **৩.২ ৫০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার/মা ও শিশু কল্যাণ কেন্দ্রের সেবার মানোন্নয়নের লক্ষ্যে প্রতিটি ০২ বার করে পরিদর্শন :**<br><br>যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, ২য় কোয়ার্টারে ২৫টি পরিদর্শন প্রতিবেদন প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। অদ্যাবধি ১৪টি প্রতিবেদন পাওয়া গেছে। ২য় কোয়ার্টারের সময় অতিক্রান্ত না হওয়ায় সবগুলো প্রতিবেদন পাওয়া যায়নি। এ প্রসঙ্গে সভাপতি মডেল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসহ সকল পরিবার পরিকল্পনা সেবা কেন্দ্রের স্বাস্থ্য সেবার মনোন্নয়নের লক্ষ্যে নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য মাহপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং এ বিভাগের কর্মকর্তাদের অনুরোধ জানান। | লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| ৪ | **৩.৩ পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ০৩টি বিশেষায়িত হাসপাতাল পর্যবেক্ষণ ও সেবার মনোন্নয়ন:**<br><br>যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ২য় কোয়ার্টারে ০৪টি পরিদর্শন প্রতিবেদন প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। অদ্যাবধি ০৩টি পরিদর্শন সম্পন্ন হয়েছে । এ প্রসঙ্গে সভাপতি জানান যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ০৩টি বিশেষায়িত হাসপাতালের সেবার মান বৃদ্ধি করতে হবে। উক্ত প্রতিষ্ঠানসমূহে বেড অকোপেন্সি বৃদ্ধি করাসহ সেবা কার্যক্রম মনিটরিং এর জন্য মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা যেতে পারে। এছাড়াও সভাপতি BSMMU এবং BCPS-এ পোস্ট গ্রাজুয়েট কোর্সে অধ্যয়নরত প্রশিক্ষণার্থী চিকিৎসকগণকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ০৩টি বিশেষায়িত হাসপাতালে (মাতৃসদন ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর/মোহাম্মদপুর/মিরপুর) সংযুক্ত করতে মহাপরিচালক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করেন। | ২০০ শয্যা বিশিষ্ট মাতৃ ও শিশু স্বাস্থ্য হাসপাতাল, লালকুঠি, মিরপুর-১, ঢাকা-এর বেড অকোপেন্সি বৃদ্ধি করাসহ সেবার মানোন্নয়ন ও সেবার কার্যক্রম মনিটরিং বিষয়ে করণীয় নির্ধারণে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর নেতৃত্বে নিম্নরূপ কমিটি গঠন করার সিদ্ধান্ত হয়:<br><br>মহাপরিচালক, প.প অধিদপ্তর- সভাপতি<br>অতি. সচিব (প্রশাসন) স্বাশিপকবি- সদস্য<br>পরিচালক (প্রশাসন) প.প অধিদপ্তর- সদস্য-সচিব<br><br>কমিটি আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন প্রদান করবেন।<br><br>এছাড়াও সভাপতি BSMMU এবং BCPS-এ পোস্ট গ্রাজুয়েট কোর্সে অধ্যয়নরত প্রশিক্ষণার্থী চিকিৎসকগণকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ০৩টি বিশেষায়িত হাসপাতালে (মাতৃসদন ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর/মোহাম্মদপুর/মিরপুর) সংযুক্ত করতে মহাপরিচালক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরকে পত্র দেয়ার নির্দেশনা প্রদান করেন। | প.প. অধিদপ্তর/স্বা.শি. অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | ৩.৪ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল ইউনিটের সকল ক্রয় ও সংগ্রহ কার্যক্রম পর্যবেক্ষণ ও অপচয় রোধকরণ:<br>যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান যে, এ লক্ষ্যে গঠিত কমিটি ২য় কোয়ার্টারে ০৩টি পরিদর্শন প্রতিবেদন প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে ইতোমধ্যে ০২টি পরিদর্শন সম্পন্ন হয়েছে। আগামী ২০.১২.২৩ তরিখে পরবর্তী পরিদর্শনের দিন ধার্য রয়েছে। | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং যথাযথ মনিটরিং নিশ্চত করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। | এ সংক্রান্ত গঠিত কমিটি |

০২। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.১২.২৩
(মোঃ আজিজুর রহমান)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ